নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৫.৩৯.১৩৫.২৩** নথির বিষয়: মড্স জোন-২ এর আওতাধীন ইডেন কলেজ, পলাশী রোড, ঢাকেশ্বরী রোড,আজিমপুর পয়ঃপাম্প হইতে ছাপড়া মসজিদ, আজিমপুর মাতৃসদন, চায়না বিল্ডিং, দায়রা শরীফ এলাকা সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃলাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ-১৭)।

নোট: ১ নোটের বিষয়: **মড্স জোন-২ এর আওতাধীন ইডেন কলেজ, পলাশী রোড, ঢাকেশ্বরী রোড,আজিমপুর পয়ঃপাম্প হইতে ছাপড়া মসজিদ, আজিমপুর মাতৃসদন, চায়না বিল্ডিং, দায়রা শরীফ এলাকা সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ-১৭)।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/১২/২৩ ৭:৩০ অপরাহ্ন

সদয় অবগত করানো যাচ্ছে যে, মডস্ জোন-২ ঢাকা ওয়াসা এর অন্যতম জনবহুল বানিজ্যিক,আবাসিক এবং পর্যটন শহর। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেল্লা,আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা এবং চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ ব্যবসায়িক ও সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন । এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৩৫০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে ফ্লো বাধাপ্রাপ্ত হয়ে অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। বিভাগীয় সীমিত লোকবল দ্বারা কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠুভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন তীব্র শীতের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন। কেননা পরবর্তীতে তীব্র শীতে পয়ঃ মাস্ ক্লিনিং করা কষ্টসাধ্য হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে পূর্ববর্তী বছরের ন্যায় দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে মড্স জোন-২ এর সমগ্র এলাকা (২২ গ্রুপ মাস্ ক্লিনিং) ২২ টি ভাগে বিভক্ত করা হয়। উক্ত ২২ টি গ্রুপের মধ্যে ২য় পর্যায়ের ৯ টি গ্রুপের মাস্ ক্লিনিং এর স্লাজ উত্তোলন এবং উত্তেলিত স্লাজ অপসারনের কাজ Force Account এর মাধ্যমে কাজ শেষ পর্যায়ে রয়েছে। মড্স জোন-২ এর আওতাধীন এলাকা সমূহের বাৎসরিক মাস ক্লিনিং কাজের ৩য় পর্যায়ের স্লাজ উত্তোলন এবং উত্তোলিত স্লাজ অপসারনের কাজ (৬টি নথি) আগামী ২৫/১২/২০২৩ইং তারিখ হতে কাজ শুরু করা যেতে পারে। উল্লেখ্য যে, মাস ক্লিনিং কাজের ধারাবাহিকতা থাকলে উক্ত কাজের সুফল পাওয়া যায়। এছাড়াও পয়ঃলাইনের নেটওয়ার্ক পাশাপাশি এলাকার সাথে সংযোগ থাকায় অল্প সময়ের ব্যবধানে মাস ক্লিনিং কাজ করা হলে কাজ করিতে সুবিধা হয়। ইহাছাড়াও গ্রাহক সন্তুষ্ঠি অর্জিত হয় এবং সেই সাথে ঢাকা ওয়াসার সুনাম বৃদ্ধি পায়। কাজ চলাকালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মড্স সার্কেল-১ সাহেবকে কাজের অগ্রগতির তথ্যসহ ই-মেইলে কাজ শেষে ছবি প্রেরন করা হয়ে থাকে। যে সকল স্থানে ২য় ফেজের কাজ শেষ পর্যায়ে রয়েছে তাহার তালিকা দেয়া হলো।

ক) ইমলামপুর, পাটুয়াটুলী রোড, সদরঘাট, জিন্দাবাহার ১ম, ২য় ও ৩য় লেন, আশেক লেন, বাবু বাজার, নয়াবাজার, বাসাবাড়ী বাইলেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ (গ্রুপ-১) মোট ৬.৪ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ২২০ টি ম্যনহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

খ) সিদ্দিক বাজার লেন/বাইলেন, নাজিরা বাজার, হাজী ওসমান গনি রোড, নর্থ-সাউথ, মালিটোলা, নবাবপুর রোড (পশ্চিম পার্শ্ব) রোড সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ (গ্রুপ-৪) মোট ৪.৭ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৫৩ টি ম্যনহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

গ) রসুলবাগ, আজিমপুর রোড (আংশিক), বি.সি. দাস ষ্ট্রীট, নিউ-পল্টন, খালেক লেন, তারেক লেন, পিলখানা রোড (আংশিক) সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ (গ্রুপ-৫) মোট ৫.৭ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৯০ টি ম্যনহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

ঘ) লালবাগ রোড (আংশিক), ডুরি আঙ্গুল লেন, আব্দুল আজিজ লেন, নবাবগঞ্জ, নবাবগঞ্জ লেন, ললিত মোহন দাস লেন, পিলখানা রোড (আংশিক) সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ (গ্রুপ-৬) মোট ৫.২৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ২১৫ টি ম্যনহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

ঙ) নীলাম্বর সাহা রোড, কুলালমহল, ভাগলপুর লেন, হাজারীবাগ রোড (আংশিক) সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ (গ্রুপ-৭) মোট ৭.৩৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৭০ টি ম্যনহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

চ) বিজিবি পিলখানা (সমস্ত কম্পাউন্ড), গণকটুলী, এনায়েতগঞ্জ, এম.সি. রায় লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ (গ্রুপ-৯) মোট ৫.২৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিংসহ ২২৩টি ম্যানহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

ছ) আজগর লেন, হায়দার বক্স লেন, দেবীদাস ঘাট, চুড়িহাট্টা, বড় কাটরা, সোয়ারীঘাট, রহমতগঞ্জ এলাকা, ফড়িয়া পট্টি, হাজী বাল্লু রোড সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ। (গ্রুপ-১২) মোট ৫.৪৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিংসহ ২১০টি ম্যানহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

জ) আগাসাদেক রোড লেন/বাইলেন, আগামাসি লেন, কায়েতটুলী, আব্দুল হাদী লেন, কাজী আলাউদ্দিন রোড লেন/বাইলেন, বাংলা দুয়ার লেন/বাইলেন লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ আপসারন কাজ। (গ্রুপ-১৫) মোট ৫.০০ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিংসহ ১৪৩টি ম্যানহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

ঝ) আবুল হাসনাত রোড হইতে নবাবপুর রোড পর্যন্ত ট্রাংক পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং (গ্রুপ-২১) মোট ১.৭১ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিংসহ ৯০টি ম্যানহোল পরিস্কার করন কাজ শেষ করা হয়েছে।

পয়ঃলাইন ও ম্যানহোল পিট বাৎসরিক রুটিন অনুযায়ী ক্লিনিং কাজ করা হলে ওভারফ্লো এর অভিযোগ কম থাকে। সেই প্রেক্ষিতে ২২ টি গ্রুপের মধ্যে ৩য় পর্যায়ে কাজ শুরু করার জন্য অত্র জোনের

আওতাধীন ইডেন কলেজ, পলাশী রোড, ঢাকেশ্বরী রোড,আজিমপুর পয়ঃপাম্প হইতে ছাপড়া মসজিদ, আজিমপুর মাতৃসদন, চায়না বিল্ডিং, দায়রা শরীফ এলাকা সহ আশপাশের এলাকায় ২০ দিন ব্যাপী কয়েকটি ভাগে বিভক্ত করিয়া মাস্ ক্লিনিং কাজ করার জন্য ঢাকা ওয়াসা এর পূর্ব অনুমোদিত দর অনুযায়ী খরচের হিসাব তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে = ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকা মাত্র। নথিটি অনুমোদিত হলে উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে ইস্যূ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৪):

১। ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। পূর্বানুমোদিত দরের কপি।.
৩। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।.
৪। প্রাক্কলনের কপি।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/১২/২৩ ৭:৩১ অপরাহ্ন

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সুষ্ঠ পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মড্স জোন-২ এর আওতাধীন ইডেন কলেজ, পলাশী রোড, ঢাকেশ্বরী রোড, আজিমপুর পয়ঃপাম্প হইতে ছাপড়া মসজিদ, আজিমপুর মাতৃসদন, চায়না বিল্ডিং, দায়রা শরীফ এলাকা সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-১৭) বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮২(১) ধারা (Force Account) অনুসারে =২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকার প্রাক্কলনটিসহ বিগত বছরের ন্যয় উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে অনুমোদন করা যেতে পারে। ইস্যূ কৃত চেক হতে প্রাপ্ত টাকা বর্নিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যেমে উহা সমন্বয় করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৫৪ (Force Account) হতে নির্বাহ করা হবে ।

১৩/১২/২৩ ৭:৩১ অপরাহ্ন
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

১৩/১২/২৩ ৭:৪৮ অপরাহ্ন
মোহাম্মদ ইখতিয়ার মাসউদ
সহকারী প্রকৌশলী
মডস জোন-২

১৪/১২/২৩ ১২:৩২ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

১৪/১২/২৩ ৪:১৯ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১৪/১২/২৩ ৪:৪৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~১৪/১২/২৩ ৪:৪৭ অপরাহ্ন~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)~~
~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)~~
~~এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৬/১২/২৩ ৭:০১ অপরাহ্ন

Okay..

১৬/১২/২৩ ৭:০২ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
এর দপ্তর

১৭/১২/২৩ ১০:৫৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

১৮/১২/২৩ ২:৩৫ পূর্বাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

১৮/১২/২৩ ১০:৩০ পূর্বাহ্ন
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২